

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 10-06-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন মোদী সরকারের ঐতিহাসিক ১১ বছর জনসেবার প্রতি সংকল্প এবং নিষ্ঠার এক স্বর্ণযুগ। সামাজিক মাধ্যমে তিনি বলেন, এই ১১ বছরের সেবার সময় দেশ অর্থনৈতিক পুনরুজ্জীবন, সামাজিক ন্যায়বিচার, সাংস্কৃতিক গর্ব এবং জাতীয় নিরাপত্তার এক নতুন যুগ প্রত্যক্ষ করেছে। মোদী সরকার প্রমাণ করেছে যে যখন নেতৃত্ব স্পষ্ট, সংকল্প অটল এবং জনসেবার উপর দৃষ্টি নিবদ্ধ করে, তখন পরিষেবা, সুরক্ষা এবং সুশাসনের ক্ষেত্রে নতুন মাইলফলক অর্জিত হয়। শ্রী শাহ বলেন, এই ১১ বছরে জাতীয় নিরাপত্তার ক্ষেত্রেও উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করা হয়েছে। নকশালবাদ ধ্বংস হয়েছে, জম্মু ও কাশ্মীর এবং উত্তর-পূর্বে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে এবং ভারত এখন সন্ত্রাসীদের তাদের নিজস্ব ভূখণ্ডে আঘাত করে সন্ত্রাসীদের আক্রমণের জবাব দিচ্ছে।

\*\*\*\*\*

**Khowai CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ১২ই জুন খোয়াই জেলায় আটটি সরকারি প্রকল্পের উদ্বোধন করবেন। বাইজাল বাড়ি স্কুল মাঠ থেকে ভারুয়ালী তেলিয়ামুডায় একটি সরকারি পাকা বাড়ির উদ্বোধন করবেন। পাশাপাশি তিনি নবনির্মিত বাইজালবাড়ি থানা এবং বাইজালবাড়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের জনজাতি ছাত্রাবাসের উদ্বোধন করবেন। মুখ্যমন্ত্রীর সফর সূচিকে কেন্দ্র করে গতকাল খোয়াই জেলার জেলা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি বৈঠক সম্পন্ন হয়।

\*\*\*\*\*

**JP Nadda :**

কেন্দ্রীয় বিজেপি সভাপতি জেপি নাড্ডা বলেছেন নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার একটি দায়িত্বশীল এবং প্রতিক্রিয়াশীল সরকার প্রদান করে দেশের রাজনৈতিক সংস্কৃতি বদলে দিয়েছে। মোদী সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষে নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী নাড্ডা বলেন এই সরকার দেশের রাজনৈতিক দৃশ্যপট পরিবর্তন করে একটি নতুন স্বাভাবিকতা স্থাপন করেছে। তিনি বলেন গত ১১ বছর এই সরকারের স্বচ্ছতার সাথে কাজ সারা দেশে একটি উদাহরণ তৈরী করেছে।

#####Byte-JP Nadda#####

তিনি বলেন নরেন্দ্র মোদী সরকার ‘সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস এবং সবকা প্রয়াস’-এর মূল নীতিতে কাজ করেছে।

\*\*\*\*\*

#### **VKSA :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার আধুনিক প্রযুক্তি এবং কৃষি পরিকল্পনার বিষয়ে সচেতনতা বাড়ানোর মাধ্যমে কৃষকদের ক্ষমতায়নের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল দক্ষিণ জেলার সার্কুম পুরাতন টাউন হলে বিকশিত কৃষি সংকল্প অভিযান উপলক্ষে আয়োজিত এক সমাবেশে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরায় এই অভিযানে ইতিমধ্যে ১ লক্ষ ২০ হাজার কৃষকের কাছে পৌঁছোনো সম্ভব হয়েছে। সেই লক্ষে কাজ করে চলেছে রাজ্য সরকার।

\*\*\*\*\*

#### **Kanchanpur Administration Camp :**

কাঞ্চনপুর মহকুমাভিত্তিক সমন্বয় কমিটির সভা এবং প্রশাসনিক শিবির গতকাল দশদা টাউন হলে অনুষ্ঠিত হয়। সভায় কাঞ্চনপুর মহকুমার রাস্তাঘাট, বিদ্যুৎ, স্বাস্থ্য, পানীয় জল ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। প্রশাসনিক শিবিরে বিভিন্ন পরিষেবা প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের

পক্ষ থেকে রোগীদের চিকিৎসা করে ওষুধ প্রদান করার পাশাপাশি এলাকার জনগণকে আয়ুষ্স্বাস্ত্য কার্ড প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Mega Loan Mela :**

বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়াম হলে গতকাল দক্ষিণ ত্রিপুরা জেলার ২১টি ক্লাস্টার লেভেল ফেডারেশনের এবং 'টিআরএলএম' র ডিস্ট্রিক্ট মিশন ম্যানেজমেন্ট ইউনিটের উদ্যোগে এক মেগা ঋণ মেলা অনুষ্ঠিত হয়। এই মেলায় ফেডারেশনের নিজস্ব তহবিল থেকে ১০৪২ টি মহিলা স্বসহায়ক দল ও উৎপাদক দলকে আনুমানিক ২০ কোটি টাকা সহজ শর্তে ঋণ প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **All Tripura Blind Committe :**

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির সেন্ট্রাল জোনের নির্বাচন আজ ১৮তম দ্বি বার্ষিক রাজ্য সম্মেলনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হবে। আগামী দুই বছরের জন্য পরিচালন কমিটির বিভিন্ন পদের জন্য এই নির্বাচন অনুষ্ঠিত হবে বলে কমিটির তরফে জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **TSU Convension :**

কৃষ্ণনগর দশরথ দেব স্মৃতি ভবনে টিএসইউ-র কেন্দ্রীয় কমিটির ত্রিবার্ষিক সাংগঠনিক কনভেনশন গতকাল অনুষ্ঠিত হয়। কনভেনশনে আগামীদিনের সংগঠনের কাজের পরিকল্পনা ও তা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। উপস্থিত ছিলেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, এডিসির প্রাক্তন মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*